বিহার বাঙালি সমিতি

BENGALEE ASSOCIATION, BIHAR

(Front Organisation for Bengalees of Bihar Since 1938)
(Regd. Under Societies Registration Act, 1860, Regd. No. 4 of 1938)

রামমোহন রায় সেমিনারী
ডাঃ বিধান চন্দ্র রায় পথ
পাটনা – ৮০০ ০০৪

Website: babihar.org
Email : babihar@gmail.com

RAMMOHUN ROY SEMINARY
DR. BIDHAN CHANDRA ROY PATH
PATNA – 800 004

Dr. (Capt.) DILIP KUMAR SINHA	SUNIRMAL DAS	SACHCHIDA NANDA SINHA
President	General Secretary	Treasurer
9835021064	9430294287	9006765551

Ref. No. **Date: 08.05.2019**

মাননীয়
কেন্দ্রীয় সমিতির পদাধিকারী/ শাখা সম্পাদকগণ
মহাশয়/মহাশয়া,

আপনারা অবগত আছেন যে আগামী ২৮শে জুলাই ২০১৯ (রবিবার) সকাল ৯টায় ভাগলপুর শাখা দ্বারা, ভাগলপুরে (স্থান পরে জানানো হবে) বিহার বাঙালি সমিতির ৫২ তম দ্বি-বার্ষিক সম্মেলন ও ২০১৯-২১ বর্ষের নির্বাচন অনুষ্ঠিত হবে।

গত নির্বাচনে কিছু শাখার বার্ষিক সভা ও ২০১৭-১৯ বর্ষের শাখার কার্যকারী সমিতি কেন্দ্রীয় সমিতি দ্বারা অনুমোদিত পদের বাইরে বা বেশী পদে মনোনয়ন বা নির্বাচন করা হয়েছে। কেন্দ্রীয় পর্যবেক্ষকগণরা এ বিষয়ে সচেতন নন মনে হচ্ছে। কেবল মাত্র নিম্নলিখিত পদের ও সম সংখ্যায় মনোনীত সদস্যদেরই মান্যতা দেওয়া হবে।
সভাপতি – ১ , সহ-সভাপতি – ৪, সাধারণ সম্পাদক/সম্পাদক – ১, যুগ্ম-সম্পাদক – ৪, সহ-সম্পাদক – ৪, কোষাধ্যক্ষ – ১, কেন্দ্রীয় সাধারণ পরিষদের সদস্য – ১০, শাখার কার্যকারী সমিতির সদস্য – ১০।
শাখার ও কেন্দ্রীয় সমিতির পদ – ১৫ ও শাখার কার্যকারী সমিতির সদস্য – ১০। মোট ২৫ জনের মধ্যে মহিলাদের জন্য (৩০%) ৭ টি পদ সংরক্ষিত রাখতে হবে।

শাখার সভাপতি, সম্পাদক ও কোষাধ্যক্ষ কেন্দ্রীয় কার্যকারী সমিতির সদস্য থাকবেন। এই তিনজন সহ কেন্দ্রীয় সাধারণ পরিষদের আরও ৭ জন মোট ১০ জনের মধ্যে মহিলাদের জন্য (৩০%) ৩টি সংরক্ষিত রাখতে হবে।

কেবল মাত্র আজীবন সদস্য ও সঞ্চিতার পৃষ্ঠপোষকরাই শাখার ও কেন্দ্রীয় সমিতির পদপ্রার্থী হতে পারবেন (দেখা গেছে বহু শাখা যেসব সদস্য সঞ্চিতার পৃষ্ঠপোষক নন তাদেরও মনোনীত/নির্বাচিত করছেন)। এটাটি সমিতির সংবিধানের অবহেলনা নয়। সঞ্চিতা সমিতির মুখপত্র, যাতে সমিতির বিভিন্ন খবরাখবর থাকে, তাছাড়া পদকর্তারাই যদি এর পৃষ্ঠপোষক না হন, তাহলে তারা সদস্যদের কেমন ভাবে বলবেন, এর পৃষ্ঠপোষক বা গ্রাহক হতে। সমিতির সংবিধান অনুসারে এক ব্যক্তি এক পদ ও মহিলাদের জন্য (৩০%) পদ সংরক্ষণ করার নিয়ম পালন করা হবে। শাখার ও কেন্দ্রীয় সমিতির জন্য নিম্নলিখিত পদে মনোনয়ন পত্র ভরাতে ও মনোনয়ন পত্রে উল্লিখিত শুল্ক ও লেভী নেওয়া সুনিশ্চিত করতে হবে। আশাকরি সকলে সমিতির সংবিধানকে পালন করে রক্ষা করতে সহযোগিতা করবেন।

কেন্দ্রীয় সহ সভাপতিদের পুনরায় অনুরোধ জাননো হচ্ছে যে তাদের জোনের সমস্ত শাখার বার্ষিক সভা ও নির্বাচন ১৪ জুলাই'১৯র মধ্যে করিয়ে শাখার নির্বাচন সংক্রান্ত সমস্ত যাবতীয় কাগজ ও পর্যবেক্ষক প্রতিবেদন সহ ৬ই অগস্ট ২০১৭র মধ্যে কেন্দ্রীয় কার্যালয়ে পাঠিয়ে দেওয়া সুনিশ্চিত করবেন।

শাখা সম্পাদককের দায়িত্ব, শাখার নির্বাচন প্রক্রিয়া শেষ হয়ে যাওয়ার ৩ দিনের মধ্যে ২০১৯-২১ বর্ষের কার্যকারী সমিতি ও কেন্দ্রীয় সাধারণ পরিষদের সদস্য সূচী ঠিকানা সহ, মনোনয়ন পত্রের প্রতিলিপি রেখে মূল মনোনয়ন পত্র, সম্পাদকের প্রতিবেদন ও আয়-ব্যয়ের বিবরণী (২০১৭ – ১৯) কেন্দ্রীয় কার্যালয়ে পাঠানো সুনিশ্চিত করবেন যা সম্মেলনের পরে সমিতির ওয়েবসাইটে আপলোড করা হবে। সমিতির ওয়েবসাইট (babihar.org) এর

জন্য শাখার পক্ষ থেকে ৫০০ টাকা অনুদান Bengalee Association, Bihar একাউন্টে জমা করতে হবে। সদস্যদের মনোনয়ন শুল্ক থেকে এই অনুদান দেয় হবে।

শাখার নির্বাচন প্রক্রিয়া সম্পূর্ণ হয়ে যাওয়ার পর, শাখা সম্পাদকের ও পর্যবেক্ষকের প্রতিবেদন ও নির্বাচন সংক্রান্ত সমস্ত কাগজ পত্র দেখার পর নির্বাচন কমিটি শাখার নির্বাচন সম্বন্ধে শংসাপত্র নির্গত করবে।

যে সব কেন্দ্রীয় পদকর্তা এখনও পর্যন্ত তাদের বকেয়া লেভী (২০১৭-১৯) দেননি, আগামী নির্বাচনে অংশ গ্রহণ করার জন্য তাদের বকেয়া সহ আগামী (২০১৯-২১)র লেভী এক সঙ্গে জমা করতে হবে, তবেই তারা মনোনয়ন পত্র জমা দেবার সুযোগ পাবেন।

সমস্ত শাখার শাখা সম্পাদকদের জানানো হচ্ছে যে তাদের শাখার পদকর্তাদের দেয় লেভী (২০১৯-২১ বর্ষের) ও সঞ্চিতা পৃষ্ঠপোষক অনুদান রাশি ১০০০টাকার চেক শাখার নির্বাচনের ৩ দিনের মধ্যে পাঠিয়ে দিতে হবে, তা না হলে তাদের নির্বাচন/মনোনয়ন স্থগিত করে রাখা হবে।

প্রত্যেক জোনের সভাপতিদের ও কেন্দ্রীয় সমিতির প্রত্যেক পদকর্তাদের অনুরোধ জানানো হচ্ছে যে নিজের ও জোনের লিখিত প্রতিবেদন ৩১শে মে ২০১৯র মধ্যে পাঠানো সুনিশ্চিত করে সহযোগিতা করতে।

শিক্ষক সমিতির প্রত্যেক সদস্যদের এই বৈঠকে নিজেদের যোগদান সুনিশ্চিত করতে অনুরোধ জানানো হচ্ছে।

প্রত্যেক শাখার সম্পাদক অতি অবশ্যই নিজের শাখার 'কেন্দ্রীয় সমিতি সদস্য (Central Council Member) শুল্ক' (১০০ টাকা) ও শাখার সভাপতি, সম্পাদক ও কোষাধ্যক্ষের থেকে 'বিদ্যাসাগর স্মৃতিরক্ষা সমিতি'র সাধারণ ষবার সদস্যতা শুল্ক (১০০ টাকা) ও প্রতিনিধি শুল্ক – ২০০টাকা সদস্য সংগ্রহ করে সমিতির ব্যাঙ্ক একাউন্টে

Bengalee Association, Bihar A/c No. 011049771147, IFSC Code - SBIN0000152, SBI, Patna Main Branch

Bengalee Association, Bihar A/c Sanchita A/c No. 11049771396, IFSC Code - SBIN0000152, SBI, Patna Main Branch

২০ জুলাই ২০১৯ এর মধ্যে জমা করে দেবেন।

আপনার অঞ্চলে নগরপালিকা ও গ্রাম পঞ্চায়েতে নব নির্বাচিত বিভিন্ন প্রতিনিধিদের নাম, একটি করে ফটো, টেলিফোন নং, ওয়াট্সআপ নং ও ই-মেল সংগ্রহ করে তাড়াতাড়ি সমিতির ই-মেলে পাঠাবেন ও তাদের আগামী সভায় যোগদান করার জন্য শাখার তরফ থেকে আমন্ত্রণ জানাবেন। আমন্ত্রণ পত্রের প্রতিলিপি কেন্দ্রীয় সমিতিকে পাঠিয়ে দেবেন।

বিহার রাজ্য বাঙলা সাহিত্য সভাকে সাফল্যমন্ডিত করার জন্য অঞ্চলের সাহিত্যিক, কবি ও লেখকদের নাম, তাদের একটি করে ফটো, টেলিফোন নং, ওয়াট্সআপ নং ও ই-মেল সংগ্রহ করে তাড়াতাড়ি সমিতির ই-মেলে পাঠাবেন ও তাদের ২৭শে জুলাই সন্ধ্যা ৬টায় 'সাহিত্য সভা' ও ২৮শে জুলাই ২০১৯ ভাগলপুরে অনুষ্ঠিত বিহার রাজ্য সম্মেলনে যোগদান করার জন্য শাখার তরফ থেকে আমন্ত্রণ জানাবেন। আমন্ত্রণ পত্রের প্রতিলিপি কেন্দ্রীয় সমিতিকে পাঠিয়ে দেবেন।

আপনার অঞ্চলের বিভিন্ন সংগঠন, ক্লাব, লাইব্রেরির নাম ও তাদের সম্পাদকদের নাম, টেলিফোন নং, ওয়াট্সআপ নং ও ই-মেল সংগ্রহ করে তাড়াতাড়ি সমিতির ই-মেলে পাঠাবেন। আগামী ২৮শে জুলাই ২০১৯ ভাগলপুরে অনুষ্ঠিত সভায় যোগদান করার আমন্ত্রণ জানাবেন। কেন্দ্রীয় সমিতির পক্ষ থেকে পরে আমন্ত্রণ পত্র পাঠানো হবে। শাখার আমন্ত্রণ পত্রের প্রতিলিপি কেন্দ্রীয় সমিতিকে পাঠিয়ে দেবেন।

প্রত্যেক শাখার Letter Head একই ধরণের হওয়া বাঞ্ছনীয়। বাংলাতে - বিহার বাঙালি সমিতি ও ইংরাজীতে - BENGALEE ASSOCIATION, BIHAR লেখা হবে।

বিনীত

(সুনির্মল দাশ)
সাধারণ সম্পাদক